**তাগিদপত্র**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা

স্মারক নং- ৪৬.০৪২.০১৪.৩৭.০২.১০২.২০১৩-৮৫৬ তারিখঃ ২৬.০৩.২০১৪ খ্রিঃ।

বিষয়ঃ জেলা পরিষদের মালিকানাধীন খেয়াঘাট/ফেরীঘাট ব্যবস্থাপনা কমিটি গঠন।

সূত্র ঃ ৪৬.০৪২.০১৪.৩৭.০২.১০২.২০১৩-৪৭৬১, তারিখঃ ২৬.১১.২০১৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জেলা পরিষদের মালিকানাধীন খেয়াঘাট/ফেরীঘাট ইজারার প্রদানের জন্য কোন নীতিমালা না থাকায় জেলা পরিষদের ঘাট সৃজন/ব্যবস্থাপনা/ইজারা এখন পর্যন্ত District council (TAXATION) Rules, 1960 এর ৩১-৩৫ ধারা অনুযায়ী পরিচালিত হচ্ছে। ইতোমধ্যে গাইবান্ধা জেলা পরিষদ কর্তৃক জেলা পরিষদের মালিকানাধীন খেয়াঘাট/ফেরীঘাট পরিচালনা সংক্রান্ত একটি খসড়া ব্যবস্থাপনা কমিটি গঠন করে তা অনুমোদনের জন্য এ বিভাগে প্রেরণ করা হয় (কপি সংযুক্ত)। জেলা পরিষদের খেয়াঘাট/ফেরীঘাট ইজারার প্রদানের লক্ষ্যে কমিটি গঠনের বিষয়সহ অধিকতর সংযোজন-বিয়োজনের প্রয়োজন থাকলে সে বিষয়ে মতামত প্রদানের জন্য সূত্রোস্থ স্মারকে অনুরোধ করা হয়। কিন্তু, অদ্যাবধি এ বিষয়ে কোন মতামত পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, আগামী ৩১ মার্চ ২০১৪ খ্রিঃ তারিখের মধ্যে বর্ণিত বিষয়ে মতামত প্রদানের জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হল। আগামী ৩১ মার্চ ২০১৪ খ্রিঃ তারিখের মধ্যে বর্ণিত বিষয়ে মতামত না পাওয়া গেলে সংশ্লিষ্ট বিভাগের কোন মতামত নেই মর্মে ধরে নেয়া হবে।

কপিঃ সংযুক্তঃ -

২৬/৩/১৪
(জুবাইদা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

কমিশনার
চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।

অনুলিপিঃ

১। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
২। প্রশাসক, জেলা পরিষদ, গাইবান্ধা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাইবান্ধা।
৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

Com-3\E/2013-14/Khya Ghat/-letter-11

৮৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা

স্মারক নং- ৪৬.০৪২.০১৪.৩৭.০২.১০২.২০১৩- ৪৭৬১ তারিখঃ ২৮.১১.২০১৩ খ্রিঃ।

বিষয়ঃ জেলা পরিষদের মালিকানাধীন খেয়াঘাট/ফেরীঘাট ব্যবস্থাপনা কমিটি গঠন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদের খেয়াঘাট/ফেরীঘাট ইজারার জন্য কোন নীতিমালা না থাকায় জেলা পরিষদের ঘাট সৃজন/ব্যবস্থাপনা/ইজারা এখন পর্যন্ত District council (TAXATION) Rules, 1960 এর ৩১-৩৫ ধারা অনুযায়ী পরিচালিত হচ্ছে। ইতোমধ্যে গাইবান্ধা জেলা পরিষদ কর্তৃক জেলা পরিষদের মালিকানাধীন খেয়াঘাট/ফেরীঘাট পরিচালনা সংক্রান্ত একটি খসড়া ব্যবস্থাপনা কমিটি গঠন করে তা অনুমোদনের জন্য এ বিভাগে প্রেরণ করা হয়েছে(কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, জেলা পরিষদের খেয়াঘাট/ফেরীঘাট ইজারার বিষয়ে কমিটি গঠনের প্রস্তাবের বিষয়ে মতামত প্রদানসহ এ বিষয়ে অধিকতর সংযোজন বিয়োজনের প্রয়োজন থাকলে সে বিষয়ে প্রস্তাব প্রেরণের জন্যও নির্দেশক্রমে সবিনয় অনুরোধ করা হলো।

২৮/১১/১৩

(জুবাইদা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

কমিশনার
------------------------------------ (সকল)।

অনুলিপিঃ

১। পরিচালক, স্থানীয় সরকার, ---------------------------(সকল)
২। প্রশাসক, জেলা পরিষদ, গাইবান্ধা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাইবান্ধা।
৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

Com-3\ E/2012-13/Khya Ghat/-letter-9

## ফেরী/ খেয়া ঘাট ব্যবস্থাপনা কমিটি গঠন (Formation) এবং এর দায়িত্ব (TOR)

১. ফেরী/ খেয়া ঘাট ব্যবস্থাপনা কমিটি:

জেলা পরিষদের মালিকানাধীন ফেরী/ খেয়া ঘাট এর দৈনন্দিন কার্যক্রম পরিচালনা, ঘাট রক্ষনাবেক্ষণ, শান্তি শৃঙ্খলা রক্ষা ও উন্নয়ন সহ সকল কার্যাবলী পর্যালোচনা ও প্রতিকার মূলক ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিটি ঘাটে নিম্নোক্তভাবে কমিটি গঠন করিতে হইবে :

(ক) সংশ্লিষ্ট জেলা পরিষদ কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি--------------------------- সভাপতি
(খ) সংশ্লিষ্ট পৌরসভা/ উপজেলা/ ইউনিয়ন পরিষদ কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি---- সদস্য
(গ) সংশ্লিষ্ট ঘাট ইজারাদার --------------------------------------------------- সদস্য
(ঘ) নৌকার মালিকগণের মধ্য হইতে নির্বাচিত/ মনোনিত একজন প্রতিনিধি------------- সদস্য
(ঙ) নৌকার মাঝিগণের মধ্য হইতে নির্বাচিত/ মনোনিত একজন প্রতিনিধি--------------- সদস্য
(চ) ঘাট সংশ্লিষ্ট উপজেলার উপজেলা প্রকৌশলী দপ্তরের কমিউনিটি অর্গানাইজার-------- সদস্য
(ছ) সংশ্লিষ্ট জেলা পরিষদ কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি------------------------- সদস্য সচিব

সংশ্লিষ্ঠ জেলা পরিষদ কর্তৃক পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত কমিটির দায়িত্ব পালন অব্যাহত থাকিবে ।

২. ফেরী/ খেয়া ঘাট ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব নিম্নরূপ হইবে :

কমিটি প্রতি তিনমাস অন্তর একবার সভায় মিলিত হইবে। কমিটির সদস্য সচিব সভা আহ্বান এবং সভার স্থান নির্ধারণ করিবে; কার্যবিবরনী লিপিবদ্ধ, অনুমোদন, প্রেরণ ও সংরক্ষন করিবে।

২.১ ফেরী/ খেয়া ঘাট ব্যবস্থাপনা, পরিচালনা ও রক্ষনাবেক্ষণের প্রতি নজর রাখা ও প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করা ;
২.২ কমিটি ঘাটের উন্নয়ন ও রক্ষনাবেক্ষণ পরিকল্পনার জন্য প্রয়োজনীয় প্রস্তাব সংশ্লিষ্ঠ কর্তৃপক্ষের নিকট বিবেচনার জন্য প্রেরণ করা ;
২.৩ ফেরী/ খেয়া ঘাটের শান্তি শৃঙ্খলার প্রতি নজর রাখা এবং প্রয়োজনে স্থানীয় প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করা ;
২.৪ অনুমোদিত টোল আদায় তালিকা প্রকাশ্য স্থানে লটকানো, অনুমোদিত হারের অতিরিক্ত টোল আদায় যাহাতে না হয়, তাহার প্রতি নজর রাখা এবং নিয়মিত পর্যবেক্ষণ করা ;
২.৫ ঘাটের অবৈধ দখল, দালান-কোটা নির্মাণ রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও কর্তপক্ষের দৃষ্টি আকর্ষন করা ;
২.৬ নৌকার পাটাতন পর্যন্ত উঠানামার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহন করা;
২.৭ নৌকায় উঠানামার উভয় পার্শ্বের রাস্তা উন্মুক্ত রাখা, যাহাতে বর্ষাকালীণ যাত্রীদের মালামালসহ যাতায়াতের কোন প্রকার অসুবিধা না হয়;
২.৮ ঘাটে টিউবওয়েল ও সুপেয় পানির ব্যবস্থা করা ;
২.৯ ঘাটে টয়লেট ও প্রস্রাবখানা নির্মাণ নিশ্চিত করা ;
২.১০ ঘাটে যাত্রী ছাউনী না থাকিলে তাহা নির্মাণের জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করা ;
২.১১ সংশ্লিষ্ঠ ঘাট ইজারার অন্ততঃ ১০% অর্থ যাহাতে ঘাটের উন্নয়ন ও রক্ষনাবেক্ষণ কাজে ব্যয়িত হয়, সে

বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং কর্তৃপক্ষের নিকট দাবী পেশ করা ;

২.১২ ঘাটের পরিস্কার-পরিচ্ছন্ন রাখা ও স্বাস্থ্য রক্ষার প্রতি নজর দেওয়া;

২.১৩ সুষ্ঠু পারাপারের জন্য সিডিউল প্রণয়ন এবং সে অনুযায়ী পারাপারের ব্যবস্থা নিশ্চিত করা যাহাতে যাত্রীদের কোন দুর্ভোগ পোহাতে না হয়;

২.১৪ ঘাটে উপযুক্ত, ত্রুটিমুক্ত এবং পর্যাপ্ত নৌকা ও দক্ষ মাঝি রাখা;

২.১৫ নৌকায় প্রাথমিক চিকিৎসা সরঞ্জামাদি, পানি রাখা এবং মহিলাদের আলাদা বসার ব্যবস্থা করা এবং পারাপারের সময় মহিলা, শিশু, রোগী ও প্রতিবন্ধীদের প্রতি প্রয়োজনীয় যত্ন নেওয়া যাহাতে তাহাদের কোন অসুবিধা না হয় ;এই ব্যাপারে নৌকার মালিক ও মাঝিদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ দেওয়া;

২.১৬ পারাপারের সময় গরু, ছাগল, সাইকেল, মোটর সাইকেল ও মালামালের প্রতি যথাযথ নিরাপত্তার ব্যবস্থা নিশ্চিত করা;

২.১৭ রাতে পারাপারের সময় পর্যাপ্ত আলোর ব্যবস্থা নিশ্চিত করা; প্রয়োজনে স্থানীয় প্রশাসনের দৃষ্টি আকর্ষন করা;

২.১৮ চুরি-ডাকাতি হইলে স্থানীয় থানাকে অবহিত (FIR) করা;

২.১৯ বর্ষাকালীণ নৌ চলাচলের সীমানা চিহ্নিত রাখা, যাহাতে নৌকা চলাচলের পথ সুগম হয়;

২.২০ নদীর পানি বা নদীর গভিরতার স্বল্পতা -হেতু সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত পারাপারের জন্য কোন প্রকার সেতু নির্মাণ রোধ করা;

২.২১ কমিটির সার্বিক কার্যক্রম মনিটরিং/ মূল্যায়ন করা;

২.২২ জেলা পরিষদ কর বিধিমালা-১৯৬০ এবং ঘাট সংক্রান্ত অন্যান্য বিধি-বিধান অনুসরণ করা;

# জেলা পরিষদ কার্যালয়
# গাইবান্ধা

তারিখ ঃ ------০২/০৭/১৩

স্মারক নং- জেপ/গাই/ ১১৫৮

বিষয় ঃ জেলা পরিষদ মালিকানাধীন খেয়াঘাট/ ফেরীঘাট ব্যবস্থাপনা কমিটি নীতিমালায় অন্তর্ভুক্ত করন প্রসঙ্গে।

সুত্র ঃ ১। অত্রাফিস স্মারক নং- জেপ/গাই/১২৩৫ তারিখঃ ০২/০২/২০১২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জনানো যাচ্ছে যে, উপজেলা পরিষদ/ সিটি কর্পোরেশন/ ইউনিয়ন পরিষদ এর মালিকানাধীন খেয়াঘাট ইজারা ব্যবস্থাপনা কমিটি মন্ত্রণালয়ের নীতিমালায় রয়েছে। কিন্ত জেলা পরিষদের মালিকানাধীন খেয়াঘাট/ ফেরীঘাট ব্যবস্থাপনা কমিটি নাই। তাই উক্ত ঘাট ব্যবস্থাপনা কমিটি নীতিমালায় অন্তর্ভুক্ত করণের জন্য সদয় অনুরোধ করা হলো।

ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, গাইবান্ধা
ফোন- ০৫৪১-৬১৫৯৭ (অ)
ফ্যাক্স-০৫৪১-৬২৫০৭

সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(জেলা পরিষদ শাখা)